তারিখ ... 15 JUN 2016 ...
পৃষ্ঠা ...২... কলাম ...২... ......

কালের কণ্ঠ

# নেত্রকোনায় প্রধানমন্ত্রীর নামে বিশ্ববিদ্যালয়

**হাওরাঞ্চল প্রতিনিধি ▷**

নেত্রকোনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে একটি বিশেষায়িত পূর্ণাঙ্গ পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে নীতিগত অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী। গত ৬ জুন প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-৭ মোহাম্মদ মোখলেসুর রহমান সরকারের সই করা এক চিঠিতে বিষয়টি শিক্ষাসচিবকে জানানো হয়েছে।

ওই চিঠিতে বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও বলা হয়েছে। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ সাজ্জাদুল হাসান বিষয়টি নিশ্চিত করেছেন।

সাজ্জাদুল হাসান গতকাল মঙ্গলবার কালের কণ্ঠকে জানান, নেত্রকোনার হাওর, জীববৈচিত্র্য, কৃষ্টি-সভ্যতা, কৃষি ও মৎস্য অর্থনীতিকে ধারণ করে বিশেষায়িত পূর্ণাঙ্গ পাবলিক বিশ্ববিদ্যালয়টি স্থাপন করা হবে।

তবে এটি বাস্তবায়ন করতে স্থান নির্ধারণসহ সরকারি অন্যান্য কর্মকাণ্ড গুছিয়ে নিতে বেশ কিছু সময় প্রয়োজন।

এ বিষয়ে নেত্রকোনার জেলা প্রশাসক ড. মো. মুশফিকুর রহমান বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি পেলেই বিশ্ববিদ্যালয়ের জন্য স্থান নির্ধারণের বিষয়টি চূড়ান্ত করা হবে।

নেত্রকোনা-৪ আসনের সংসদ সদস্য রেবেকা মমিন বলেন, নেত্রকোনায় এ পাবলিক বিশ্ববিদ্যালয়টি স্থাপন করা হলে শিক্ষাসহ সব ক্ষেত্রেই নেত্রকোনা তথা হাওরাঞ্চলের উন্নয়নে এটি বিশাল অবদান রাখবে।